

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯২৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. দ্বিতীয় অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

### আরবী

رَعَنْ عَبْدِ

اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «رَضِيَ الربِّ فِي رضى الْوَالِدِ وَسُخْطُ الرَّبِّ فِي سُخْطِ الْوَالِدِ» . رَوَاهُ التِّرْمِذِيِّ

#### বাংলা

৪৯২৭-[১৭] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রতিপালক আল্লাহ তা'আলার সম্ভুষ্টি পিতার সম্ভুষ্টিতে এবং প্রতিপালকের অসম্ভুষ্টি পিতার অসম্ভুষ্টিতে। (তির্মিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ১৮৯৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ৫১৫, মুসনাদুল বায্যার ২৩৯৪, আল মুসতাদরাক ৭২৪৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে বলা হয়েছে রবের সম্ভুষ্টি পিতার সম্ভুষ্টিতে, অনুরূপভাবে রবের অসম্ভুষ্টি পিতার অসম্ভুষ্টিতে। 'উলামায়ে কিরাম বলেন, ঠিক এরূপ কথাই মাতার সম্পর্কে প্রযোজ্য, বরং তার অধিকার আরো বেশি। অত্র হাদীসটির বিভিন্ন সানাদ রয়েছে, এক এক সনদে এক এক ধরনের শব্দ বিদ্যমান।

ইমাম ত্ববারানী (রহিমাহ্লাহ)-এর এক বর্ণনায় এমন রয়েছে, رِضَا الْوَالِدَيْنِ وَسُخْطُهُ فِي رَضَا الرَّبِّ فِي رِضَا الْوَالِدَيْنِ وَسُخْطُهُمَا অর্থাৎ পিতামাতার সন্তুষ্টিতে রবের সন্তুষ্টি, পিতা-মাতার অসন্তুষ্টিতে রবের অসন্তুষ্টি। কেননা আল্লাহ তা আলা আদেশ করেছেন পিতামাতার সেবা করতে, তাদের আনুগত্য করতে, তাই তাদের আনুগত্য আল্লাহর আনুগত্যেরই নামান্তর।

অত্র হাদীসে পিতা-মাতার অবাধ্যতার জন্য চরম ভূশিয়ারী দেয়া হয়েছে, পিতা-মাতার অবাধ্যতা কাবীরাহ্ গুনাহর



অন্তর্ভুক্ত। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৯০০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন